

পাবনার ইমাম গায্যালী গার্লস স্কুল এন্ড কলেজে স্টুডেন্টস কেবিনেট নির্বাচন অনুষ্ঠিত

ফারজানা ইয়াসমিন, শিক্ষার্থী, দশম শ্রেণি



আনন্দঘন ও শান্তিপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত হলো পাবনার ইমাম গায্যালী গার্লস স্কুল এন্ড কলেজের স্টুডেন্ট কেবিনেট নির্বাচন ২০১৭। প্রায় ১১শ শিক্ষার্থী সকাল ৯টা হতে দুপুর ২টা পর্যন্ত তাদের ভোটাধিকার প্রয়োগ করে। ভোট শেষে ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণি পর্যন্ত মোট ৮ জন বিজয়ী প্রার্থীর নাম ঘোষণা করেন প্রধান নির্বাচন কমিশনার ফারজানা ইয়াসমিন। এসময় উপস্থিত ছিলেন কমিশনার ফারজানা জাররিন মিথিলা ও উনজিলা আক্তার তুলি। বিজয়ীদের মধ্যে জান্নাতুল মাওয়া শশী ৬শ ৪০, মারিয়া ইসলাম তিশা ৫শ ৬১, তাহসিনা পারভীন (তমা) ৫শ ৩৯,

ফারজানা পারভীন কনিকা ৫শ ২৮, হালিমা সাদিয়া পিতু ৫শ ৯১, সুমাইয়া বিনতে বাহার সিমি ৪শ ৮৯, জান্নাতুল ফেরদৌস মিম ৪শ ৩, সুমাইয়া পারভীন সিমি পেয়েছেন ৩শ ৮৭ ভোট। এর আগে শিক্ষার্থীদের মধ্য থেকে ৩৮ জন নমিনেশন পেপার দাখিল করে। যাচাই বাছাই ও প্রত্যাহারের পর মোট ১৫ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করে। প্রার্থীরা ভোটারদের নিকট পোস্টার লিখে বিধিমোতাবেক নিজেদের স্বপক্ষে ভোট প্রার্থনা

করেন। গণতন্ত্র চর্চা ও নেতৃত্বের গুণাবলী অর্জনের এক উত্তম দিকদর্শন এই স্টুডেন্ট কেবিনেট নির্বাচন। এর মাধ্যমে শিক্ষার্থীদের মাঝে হৃদয়তা, সাহস, দক্ষতা ও নেতৃত্বের যোগ্যতা অর্জনের পথ তৈরি হয়েছে। নির্বাচনে ৩ জন নির্বাচন কমিশনার ৫ জন প্রিজাইডিং অফিসার, ১০ জন পুলিশ অফিসার ১০ জন পর্যবেক্ষক ও ৬ জন সাংবাদিক সফলতার সাথে নির্বাচনি দায়িত্ব পালন করেন।

